

২০২১ সালে বাংলাদেশে কোন অশিক্ষিত লোক থাকবে না : গণপূর্তমন্ত্রী

প্রতিনিধি, মিরসরাই (চট্টগ্রাম)

গৃহায়ন ও গণপূর্তমন্ত্রী ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন বলেছেন, বাংলাদেশের সুযোগ্য নেতৃত্ব বঙ্গবন্ধু কন্যা আমাদের প্রধানমন্ত্রী শেখ হাসিনার ডিজিটাল বাংলাদেশের স্বপ্ন দিন দিন এগিয়ে চলেছে স্বপ্নের সমান্তরালে। তিনি আরও বলেন, বর্তমান সরকার শিক্ষার উন্নয়নে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। আগামী ২০২১ সালের মধ্যে বাংলাদেশে কোন অশিক্ষিত লোক থাকবে না। শতভাগ মানুষ শিক্ষার আওতায় আসবে।

প্রাথমিক শিক্ষক সমিতির অনুষ্ঠানে ইঞ্জিনিয়ার মোশাররফ তাঁর বক্তব্যে আরও বলেন, ইতোমধ্যে প্রধানমন্ত্রী অগ্রাধিকার ভিত্তিতে মিরসরাইয়ের ১৫ হাজার হেক্টর জমিতে অর্থনৈতিক জোনের কাজ শুরু করেছেন। আবার রামগড় হয়ে ভারতের ত্রিপুরা দিয়ে স্থলবন্দর ও মৈত্রী সেতু স্থাপনের প্রক্রিয়াও সম্পন্ন হচ্ছে। তিনি বলেন, আর বেশি দেরি নেই এই মিরসরাই হবে কয়েকটি দেশের বাণিজ্যিক নাভি। যা পর্যায়ক্রমে বাংলাদেশের নাভী হিসেবেও রূপ নিবে।

মিরসরাই উপজেলা প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি মঞ্জুর কাদের চৌধুরীর সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক মাস্টার আজিজুল হক ও শিক্ষিকা নাছিমা আক্তারের সম্বলনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভারপ্রাপ্ত উপজেলা চেয়ারম্যান ইয়াছমিন শাহীন কাকলী, মিরসরাই উপজেলা নির্বাহী কর্মকর্তা জিয়া আহমেদ সূমন, চট্টগ্রাম উত্তর জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি জিতেন্দ্র প্রসাদ নাথ মন্টু, উপজেলা আওয়ামী লীগের সভাপতি শেখ আতাউর রহমান, উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা গোলাম রহমান, মিরসরাই থানার ওসি এমকে ইমতিয়াজ ভূঞা, জোরারগঞ্জ থানার ওসি জাহিদুল কবির, সহকারী প্রাথমিক শিক্ষা কর্মকর্তা হায়াতুল্লাহী, চট্টগ্রাম উত্তর জেলা মৎসজীবী লীগের সভাপতি নাছরিন সুলতানা, মখাদিয়া ইউপি চেয়ারম্যান শাহিনুল কাদের চৌধুরী, কাঠাছরা ইউপি চেয়ারম্যান নুরুল আনোয়ার সবুজ, তরুণ লীগের কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক মোহাম্মদ হাসান প্রমুখ। সব শেষে অতিথিরা মেখাবী শিক্ষার্থীদের মাঝে ট্রেন্স্ট, নগদ অর্থ ও পুরস্কার বিতরণ করেন। উল্লেখ্য, শিক্ষক সমিতি নেতৃবৃন্দ অনুষ্ঠানে মন্ত্রীকে নৌকা প্রতিক সম্বলিত একটি ট্রেন্স্ট উপহার দেন।